

💵 স্বালাতে মুবাশ্শির

বিভাগ/অধ্যায়ঃ তাহাজ্জুদ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

তাহাজ্বদের রাকআত-সংখ্যা

রাতের নামাযের কোন নির্দিষ্ট রাকআত সংখ্যা নেই। এক রাকআত পড়লেও রাতের নামায পড়া হয়। ইবনে আব্বাস (রাঃ) কর্তৃক বর্ণিত, মহানবী (ﷺ) তাহাজ্জুদের ব্যাপারে বলেন, "(রাতের নামায) অর্ধ রাত্রি, এক তৃতীয়াংশ, এক চতুর্থাংশ, উট বা ছাগলের দুধ দোয়াবার সময় একবার দুইয়ে দ্বিতীয়বার দুয়ানোর জন্য যতটুকু বিরতি দেওয়া ততটুক (সামান্য) সময়ও।" (ত্বাবারানী, মু'জাম, তামামুল মিয়াহ্, আলবানী ২৪৮পৃ:) তবে উত্তম হল প্রত্যেক ২ রাকআতে সালাম ফিরে ৮ রাকআত পড়া। অতঃপর ৩ রাকআত বিত্র পড়া। অথবা অনুরূপ ১০ রাকআত পড়ে শেষে ১ রাকআত বিত্র পড়া। (বিস্তারিত দ্রষ্টব্য 'রোযা ও রমযানের ফাযায়েল ও মাসায়েল' তারাবীহ্র বিবরণ।)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=3024

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন